দৈনিক
ইনকিলাব

তারিখ 0 6 JUN 2008
পৃষ্ঠা ২২ কলাম ৭

# প্রাথমিক শিক্ষকদের দক্ষতা নিরূপণ পরীক্ষা স্থায়ীভাবে স্থগিত করেছে হাইকোর্ট

প্রেস বিজ্ঞপ্তি : ১৯৯২ সালের পূর্বে ২৪ হাজার শিক্ষককে নিরূপন পরীক্ষা নেয়ার একটি পরিপত্র জারি করে সরকার। গতকাল (বৃহস্পতিবার) সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশনের ১৮ নম্বর কোর্টের বিচারপতি সৈয়দ মাহমুদুল হোসাইন ও বিচারপতি ফরিদ আহমদের সমন্বয়ে গঠিত বেঞ্চে রিটের উপর শুনানী গ্রহণ করেন। শুনানী শেষে আদালত সরকারী পরিপত্রসহ সকল কার্যক্রম মামলা চূড়ান্ত নিস্পত্তি না হওয়া পর্যন্ত স্থায়ীভাবে স্থগিত আদেশ দেয়। আদালত একই সাথে সরকারের প্রতি রুলনিশি জারি করে। প্রথমবারে গত ১২ সেপ্টেম্বর ৩ মাসের স্থগিত আদেশ দেয়, দ্বিতীয়বারে ২০০৭ সালের ৬ ডিসেম্বর ৬ মাসের স্থগিত আদেশ দেয়।

বৈষম্যমূলক পরিপত্রের বিরুদ্ধে পুরানা পল্টনস্থ বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় সহ-প্রচার সম্পাদক আমানুল হক বাদী হয়ে গত ২০০৭ সালের সেপ্টেম্বরে সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশনে রিট পিটিশন নং-৭৮৮২ দায়ের করেন এবং এতে নেতৃত্ব দেন সমিতির মহাসচিব আবদুর রহমান বাচ্চু। শিক্ষা বিষয়ক সম্পাদক দেলোয়ার হোসেন, ধর্ম বিষয়ক সম্পাদক আমজাদ হোসেন কাজী ও প্রচার সম্পাদক শামসুল হক শিকদার, মোঃ জহিরুল হক, আবদুল হান্নান প্রমুখ। আইনী সহায়তা করেন বিশিষ্ট আইন বিশেষজ্ঞ ড. কামাল হোসেন ও এডভোকেট মিজানুর রহমান।